# বাংলা ভাষায় কমপিউটার বিষয়ক বই-পুস্তক

মোহাম্মদ লুৎফর রহমান ও মোঃ হাসান শহীদ

(পূর্ববর্তী সংখ্যার পর)

(জ) কমপিউটারের অ আ ক খ
(লোটাস ১-২-৩ এবং অপারেটিং সিস্টেম)।
লেখক : মিজানুর রহমান।
প্রকাশক : জনাব মিজানুর রহমান।
৪৭ বি. কে. দাস রোড (দ্বিতীয় তলা)।
ফরাশগঞ্জ, ঢাকা।
প্রকাশকাল : অক্টোবর, ১৯৯১।
মূল্য : ১০০ টাকা (সাদা)।
পৃষ্ঠা : ২২২ + ১৪।
স্তর : মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক।

বইটিতে সর্বমোট ১০টি অধ্যায় রয়েছে। ১ম অধ্যায়ে কম্পিউটারের পরিচিতি এবং অপারেটিং সিস্টেম সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করা হয়েছে। ২য় অধ্যায় থেকে ১০ম অধ্যায় পর্যন্ত লোটাস ১-২-৩ সম্পর্কে বিস্তারিতভাবে আলোকপাত করার চেষ্টা করেছেন লেখক। ভাষায় মাধুর্যতা আছে।

(ঝ) ডিবেজ থ্রী প্লাস।
লেখক : আখতার উদ্দিন আহমেদ।
প্রকাশক : মোঃ ইরফান আলী।
প্রকাশকাল : অক্টোবর, ১৯৯১।
মূল্য : ৬৯ টাকা (নিউজপ্রিন্ট)।
পৃষ্ঠা : ১৪৪ + ১০।
স্তর : মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক।

সর্বমোট ৯টি অধ্যায়ে ডিবেজ থ্রী প্লাসে কাজ করার বিভিন্ন কমাণ্ড এবং তথ্যাদি আলোচিত হয়েছে এ বইয়ে।

ডিবেজ দিয়ে কাজ শুরু করতে চান— এমন শিক্ষার্থীদের জন্য বইটি উপযোগী হবে। অনেক ইংরেজী শব্দের বাংলা প্রতিরূপ পাশাপাশি উপস্থাপন করলে বিষয়বস্তু হৃদয়াংগম করা সহজ হত। চিত্রে কিছুটা মুদ্রণজনিত ত্রুটি রয়েছে। বিষয়বস্তুর উপস্থাপনা ও বিন্যাস ভাল।

(ঞ) কমপিউটারের হাতে খড়ি
(ওয়ার্ডস্টার রিলিজ ফোর)
লেখক : মোঃ আবদুল মালেক খাঁন।
প্রকাশক : মোঃ মেছের আলী খাঁন।
কাজিহাটা, রাজশাহী।
প্রকাশকাল : অক্টোবর, ১৯৯১।
মূল্য : ৫০ টাকা (সাদা)।
স্তর : মাধ্যমিক।

মোট ১২টি পাঠ (অধ্যায়)—এ বিভক্ত করে বইটির বিষয়বস্তু উপস্থাপন করেছেন লেখক। প্রথম দুটি পাঠে রয়েছে কমপিউটারের উপর প্রাথমিক আলোচনা এবং বাকী দশটি পাঠে আলোচিত হয়েছে ওয়ার্ডস্টার রিলিজ ফোর। হেডলাইনের আওতায় বিষয়বস্তু উপস্থান করা হয়েছে। মুদ্রণজনিত ত্রুটি রয়েছে এবং কিছু কিছু ক্ষেত্রে মুক্ত হস্তে সংকেত ও প্রতীকের উপস্থাপন মুদ্রণসৌন্দর্যতা ক্ষুণ্ণ করেছে। ভাষা এবং বিষয়বস্তুর উপস্থাপনা মোটামুটি ভাল।

(ট) কমপিউটারে লোটাস ১-২-৩।
লেখক : কে. এম. শাহিনুর ইসলাম (তপন) ও ফেরদৌস আহমেদ হোসাইন।
প্রকাশক : ষ্টারটেক কম্পিউটার্স।
৫৩/১, নিউ এলিফ্যান্ট রোড।
প্রকাশকাল : নভেম্বর ১৯৯১।
মূল্য : ১১০ টাকা (সাদা)।
পৃষ্ঠা : ১৮২।
স্তর : মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক।

দু'টি পর্বে বইয়ের বিষয়বস্তু বিন্যস্ত করা হয়েছে। প্রথম পর্বের তিনটি অধ্যায়ে কমপিউটার উদ্ভব, ক্রমবিকাশ এবং অপারেটিং সিস্টেম সম্পর্কে আলোচনা করা হয়েছে। ৪র্থ অধ্যায় থেকে ১০ম অধ্যায় পর্যন্ত ৭টি অধ্যায়কে দ্বিতীয় পর্বের অন্তর্ভুক্ত করা হয়েছে। এ পর্বে লোটাস ১-২-৩ এর বিভিন্ন কমাণ্ড এবং তথ্যাদির বিশদ ব্যাখ্যা দেয়ার চেষ্টা করেছেন লেখকদ্বয়। অনেক ইংরেজী শব্দের বাংলারূপ পাশে উপস্থাপন না করায় পাঠকদের জন্য কিছুটা বিড়ম্বনার সৃষ্টি হতে পারে। মুদ্রণ ও বাঁধাই ভাল।

(ঠ) ডিবেজ থ্রী প্লাস প্রোগ্রামিং।
লেখক : আখতার উদ্দিন আহমেদ।
প্রকাশক : বিকাশ প্রকাশনী।
৩৮/৪, বাংলা বাজার, ঢাকা।
প্রকাশকাল : জুন, ১৯৯২।
মূল্য : ১০০ টাকা (সাদা)।
পৃষ্ঠা : ১৮৩ + ৮।
স্তর : উচ্চ মাধ্যমিক।

ডিবেজ থ্রী প্লাস-এ প্রোগ্রাম রচনার কৌশলাদি উপস্থাপন করা হয়েছে এ বইয়ে। বিষয়বস্তুর বিন্যাস এবং প্রোগ্রাম রচনার কৌশল সাধারণ মানের। ইংরেজী শব্দের ব্যবহার প্রয়োজনের তুলনায় অনেক বেশী— যা স্বাভাবিকভাবেই বিভিন্নস্তরের শিক্ষার্থীদের জন্য কম-বেশী বিড়ম্বনা ঘটাতে পারে। কিছু কিছু ক্ষেত্রে মুদ্রণজনিত ত্রুটি রয়েছে। বাংলা ভাষায় ডিবেজ প্রোগ্রামিং এর উপর সম্ভবতঃ এটিই প্রথম বই। সে হিসেবে এ বইয়ের উপযোগিতা রয়েছে। প্রচ্ছদ আকর্ষণীয় এবং বাঁধাই ভাল।

(ড) কমপিউটার পরিচিতি (ওয়ার্ডস্টার)।
লেখক : প্রকৌশলী হাফিজুর রহমান।
প্রকাশক : প্রকৌশলী হাফিজুর রহমান.
(আই, সি, এম, এস)।
প্রকাশকাল : আগস্ট, ১৯৯২।
মূল্য : ৬০ টাকা (সাদা)।
পৃষ্ঠা : ৭৭ + ১৯।
স্তর : মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক।

লেখক ছয়টি অধ্যায়ে বিষয়বস্তুর উপস্থাপন করেছেন। প্রথম অধ্যায়ে কমপিউটারের সংগঠন সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করা হয়েছে। বাকী পাঁচটি অধ্যায়ের ওয়ার্ডস্টার এর বিভিন্ন কমাণ্ড ও তথ্যাদি আলোচিত হয়েছে। কিছু কিছু ক্ষেত্রে বিশদ ব্যাখ্যার প্রয়োজন অনুভূত হয়েছে। বানানেও কিছু অসংগতি রয়েছে। মুদ্রণ ও প্রচ্ছদ বেশ ভাল।

(ঢ) ওয়ার্ড পারফেক্ট ৫.১।
লেখক : মাহবুবুর রহমান।
প্রকাশক : মাহবুবুর রহমান।
প্রাইম কম্পিউটারস্।
৩১/৯, কলম্বিয়া সুপার মার্কেট (২য় তলা)।
মহাখালী, ঢাকা।
প্রকাশকাল : নভেম্বর, ১৯৯২।
মূল্য : ৮৫ টাকা (সাদা)।
পৃষ্ঠা : ১৫৮।
স্তর : মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক।

কমপিউটারের সংগঠন এবং অপারেটিং সিস্টেম সম্পর্কে সামান্য প্রাথমিক আলোচনা ছাড়া পুরো বইতে ওয়ার্ড পারফেক্ট ৫.১ এর বিভিন্ন কমাণ্ডসমূহ এবং প্রয়োজনীয় তথ্যাদি আলোচিত হয়েছে। বিন্যাস কী ভিত্তিক অর্থাৎ বিভিন্ন কী এর অধীনে ওয়ার্ডপারফেক্ট এর যে সব কমাণ্ড আছে তা ধাপে ধাপে উপস্থাপন করেছেন লেখক। কমপিউটারের বিভিন্ন ভাষা বা প্যাকেজসমূহ বোঝার জন্য ইংরেজী শব্দের ব্যবহার অপরিহার্য— সন্দেহ নেই। তবে, এ বইয়ে ইংরেজী শব্দের ব্যবহার প্রয়োজনের তুলনায় বেশী। সার্বিকভাবে ওয়ার্ডপারফেক্ট শেখার জন্য বইটি উপযোগী। প্রচ্ছদ আকর্ষণীয়।

(ণ) ওয়ার্ড পারফেক্ট।
(ভার্সন ৫.০, ৫.১ ও সংশোধিত ৫.১ অনুসারে)।
লেখক : আখতার উদ্দিন আহমেদ।
প্রকাশক : বিকাশ প্রকাশনী, ৩৮/৪ বাংলা বাজার, ঢাকা।
প্রকাশকাল : নভেম্বর, ১৯৯২।
মূল্য : ৯৯ টাকা (সাদা)।
পৃষ্ঠা : ১৪৯।
স্তর : মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক।

বইয়ের পুরো বিষয়বস্তু ওয়ার্ডপারফেক্ট নিয়ে আবর্তিত। প্রশ্নোত্তর পদ্ধতিতে বিষয়বস্তু উপস্থাপন করা হয়েছে। বইয়ের সূচীপত্রের পৃষ্ঠা নম্বরের সাথে ভিতরের পৃষ্ঠা নম্বরের গড়মিল রয়েছে। কিছু কিছু ক্ষেত্রে মুক্ত হস্তে আঁকা প্রতীক ও গ্রাফের উপস্থাপনা ছাপার মানকে ক্ষুণ্ণ করেছে। বিষয়বস্তুর বিন্যাস মোটামুটি ভাল।

(ত) কমপিউটারজগৎ।
(ডিবেজ থ্রী প্লাস ও ডিবেজ ফোর)।
লেখক : আবদুল মালেক খাঁন।
প্রকাশক : মেছের আলী খাঁন।
কাজিহাটা, রাজশাহী।
প্রকাশকাল : ডিসেম্বর, ১৯৯২।
মূল্য : ৭৮ টাকা (সাদা)
পৃষ্ঠা : ২০০।
স্তর : মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক।

নয়টি পাঠে (অধ্যায়ে) বিভক্ত করে ডিবেজ থ্রী প্লাস ও ডিবেজ ফোর উপস্থাপন করা হয়েছে এ বইয়ে। মুক্ত হস্তে কিছু কিছু প্রতীক ও গ্রাফের উপস্থাপনা মুদ্রণ-সৌন্দর্য অনেকটা ক্ষুণ্ণ করেছে। বইটি ইংরেজী শব্দের ভারে ভারাক্রান্ত। বইটি অধ্যয়নের মাধ্যমে শিক্ষার্থীরা ডিবেজ সম্বন্ধে একটি সম্যক ধারণা লাভ করতে পারবেন।

### ৫. হার্ডওয়্যার-সফটওয়্যার মিশ্রণজাত বইসমূহ

(ক) কমপিউটার : আজ ও আগামীকাল।
লেখক : সোমপ্রকাশ বন্দ্যোপাধ্যায়।
প্রকাশক : শ্রী কুনাল কুমার রায়।
নাভানা।
পি ১০৩ প্রিন্সেপ স্ট্রীট, কলিকাতা-৭২
প্রকাশকাল : সেপ্টেম্বর, ১৯৮২।
মূল্য : ভারতীয় ২৫ টাকা (নিউজপ্রিন্ট)।
পৃষ্ঠা : ১২০।

স্তর ঃ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক।

দু'টি পর্বে ভাগ করে উপস্থাপন করা হয়েছে এ বইয়ের বিষয়বস্তু। প্রথম পর্বে রয়েছে কমপিউটারের গঠন এবং বিবর্তন প্রক্রিয়া সম্পর্কিত আলোচনা। কমপিউটারের প্রয়োগ ক্ষেত্র এবং সমাজ ও কমপিউটারের পারস্পরিক সম্পর্কভিত্তিক আলোচনা করা হয়েছে দ্বিতীয় পর্বে। বইটি অধ্যায়নের মাধ্যমে পাঠকরা কমপিউটার এবং এর কাজ সম্পর্কে প্রাথমিক ধারণা পাবেন। আরও কিছু চিত্রের সংযোজন অপরিহার্য ছিল। রচনাশৈলী ভাল।

(খ) কমপিউটার।
লেখক ঃ মোহাম্মদ লুৎফর রহমান।
প্রকাশক ঃ বাংলা একাডেমী, ঢাকা।
প্রকাশকাল ঃ ডিসেম্বর, ১৯৮৫।
মূল্য ঃ ১৫ টাকা (সাদা)।
পৃষ্ঠা ঃ ১০০।
স্তর ঃ প্রাথমিক ও মাধ্যমিক।

এটি বাংলাদেশে প্রকাশিত কমপিউটার বিষয়ক প্রথম বাংলা বই।

কমপিউটার কি ? কি করে বিবর্তিত হয়েছে ? কমপিউটার প্রোগ্রামের ভাষা কি ? ভবিষ্যতে কেমন রূপনিতে পারে এ যন্ত্র? এসব নিয়েই এ বই। বইটি কমপিউটার সম্বন্ধে জানতে আগ্রহী শিশু-কিশোরদের প্রাথমিক প্রয়োজন মেটাতে সক্ষম বলে মনে হয়েছে। পাঠকদের সুবিধার্থে চিত্রের সংখ্যা বাড়ালে ভাল হতো। ভাষা সাবলীল।

(গ) কমপিউটার পরিচিতি।
লেখক ঃ মোহাম্মদ লুৎফর রহমান।
প্রকাশক ঃ অক্ষর মালা প্রকাশনী, ঢাকা।
প্রকাশকাল ঃ ডিসেম্বর, ১৯৮৫।
মূল্য ঃ ৮০ টাকা (সাদা)।
পৃষ্ঠা ঃ ১৯২ + ১২।
স্তর ঃ উচ্চ মাধ্যমিক।

এ বইয়ের বিষয়বস্তুকে মোটামুটি তিনভাগে ভাগ করা যায় ঃ এক— কমপিউটারের সাংগঠনিক পরিচিতি, উদ্ভব, বিস্তার, প্রয়োগ ইত্যাদি, দুই— কৌশল ও যান্ত্রিক সরঞ্জাম, তিন— প্রোগ্রাম সামগ্রী বা সফটওয়্যার। বইটিতে এসব বিষয় সম্পর্কে প্রাথমিক অথচ সার্বিক ধারণা দেয়ার চেষ্টা করা হয়েছে। গোটা বিষয়বস্তুকে লেখক ১৫টি অধ্যায়ে বিন্যস্ত করে আলোচনা করেছেন। মাইক্রোপ্রসেসর এবং মাইক্রোকমপিউটারের উপর একটি পৃথক অধ্যায় রয়েছে। ভাষার সাবলীলতা বইটির বিশেষত্ব।

(ঘ) কমপিউটার ও প্রোগ্রামিং
লেখক ঃ সৌম্য মিত্র
প্রকাশক ঃ বি.বি.এস. পাবলিসার্স এণ্ড ডিষ্ট্রিবিউটার্স
৮৮ এম. জি. রোড, কলিকাতা।
প্রকাশকাল ঃ এপ্রিল ১৯৮৭।
মূল্য ঃ ভারতীয় ৬০ টাকা।
পৃষ্ঠা ঃ ২৭১ + ২৮।
স্তর ঃ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক।

তেরটি পরিচ্ছেদে হার্ডওয়্যার ও সফটওয়্যার এর সমন্বিত আলোচনা করা হয়েছে এ বইয়ে। নবম পরিচ্ছেদ পর্যন্ত আলোচনায় স্থান পেয়েছে কমপিউটারের উদ্ভব, ক্রমবিকাশ, সাংগঠনিক উপাদান, কাজ করার মূলনীতি ইত্যাদি। বাকী পরিচ্ছেদগুলোতে আলোকপাত করা হয়েছে অপারটিং সিস্টেম এবং জনপ্রিয় প্রোগ্রামিং ভাষা বেসিক সম্পর্কে। বিষয়বস্তুর উপস্থাপনা ভাল এবং ভাষায় মাধুর্যতা রয়েছে।

(ঙ) কাজের যন্ত্র কমপিউটার।
লেখক ঃ প্রদীপ চন্দ্র বসু।
প্রকাশক ঃ যোগমায়া প্রকাশনী।
৬০, পটুয়াটোলা লেন, কলিকাতা।
প্রকাশকাল ঃ এপ্রিল ১৯৮৭।
মূল্য ঃ ভারতীয় ১৫ টাকা (নিউজপ্রিন্ট)।
পৃষ্ঠা ঃ ১১২।
স্তর ঃ প্রাথমিক ও মাধ্যমিক।

কমপিউটারের উদ্ভব, বিকাশ এবং প্রয়োগ ক্ষেত্র এসব নিয়েই এ বইয়ের বিষয়বস্তু আবর্তিত। কর্মক্ষেত্রে মানুষ এবং কমপিউটারের বিরোধের মাত্রা সম্বন্ধে পৃথকভাবে আলোকপাত করা হয়েছে। গোটা আলোচনায় কমপিউটারের প্রয়োগক্ষেত্রকেই প্রাধান্য দেয়া হয়েছে। কিছু চিত্রের উপস্থাপনা অপরিহার্য ছিল। হেড লাইনের আওতায় বিষয়বস্তু বিন্যস্ত করা হয়েছে। ভাষা সাবলীল।

(চ) কমপিউটারের কাহিনী।
লেখক ঃ এ. এম. হারুন অর রশীদ।
প্রকাশক ঃ আহমদ পাবলিশিং হাউস।
৭ জিন্দাবাহার প্রথম লেন, ঢাকা।
প্রকাশকাল ঃ অক্টোবর ১৯৮৭
মূল্য ঃ পঁচিশ টাকা (সাদা)।
পৃষ্ঠা ঃ ৬৮।
স্তর ঃ প্রাথমিক ও মাধ্যমিক।

কিশোর-কিশোরীদের জন্য লেখা এ বইটিতে কমপিউটারের উদ্ভব, বিকাশ, প্রয়োগ, ভবিষ্যৎ রূপ ইত্যাদি সম্পর্কে আলোকপাত করা হয়েছে। বাংলাদেশে কমপিউটার প্রযুক্তির সম্ভাবনা সম্বন্ধে লেখক পৃথকভাবে একটি অধ্যায়ে আলোচনা করেছেন। উপযোগী চিত্রের সন্নিবেশ এবং সহজ সাবলীল ভাষা বইটির আকর্ষণ। বইটি ছোটদের জন্য বেশ উপযোগী বলা যায়।

(চলবে)

SPECIAL COURSE
ON
HARDWARE MAINTENANCE
AND TROUBLESHOOTING

* Theory on Microprocessor
* Introduction to Special Micro Chips
* System Unit, Mother Board, Peripherals
* Simulation and Trouble Shooting
* IBM Troubleshooting Code
* Advanced Diagnostics

* Above all PC assembly by Students *

Rush for your seats :

ICMS
Phone : 802458
Mirpur 10-B, Ave. -1/ Plot-3

Dedicated Trainer in Software & Hardware since 1988

ANANTA JOTI
COMPOSE
LASER PRINTING
RIBBON RE-INKING
ALSO
For Sales , Rent , Services & Data Entry

Please Call 815445 / 814253

TOP OF THE TIME

ANANTA JOTI GROUP :
* M/S ANANTA JOTI ( COMPUTER & TELEFAX )
* M/S ANANTA JOTI MULTIMETALS ( DISH ANTENNA )
* M/S ANANTA JOTI SECURITY ( SECURITY GUARD )

HEAD OFFICE : Baitush Sharaf Mosque
149/A, Airport Road, Dhaka - 1215
BRANCH : Lion Shopping Centre
73, Airport Road (2nd Floor), Dhaka.